

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৩৯.২০১২- ১৪৮১

তারিখ : ১৭ ডিসেম্বর ২০১৭।

বিষয়: উপজেলা পরিষদের সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এর দাপ্তরিক কার্যক্রম।

সূত্র : ফরিদপুর সদর উপজেলা পরিষদ কার্যালয় এর স্মারক নং ০৫.১২.২৯৪৭.০০০.৯৯.০০৯.১৭-৩২; তারিখ: ২০ সেপ্টেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এর পদ সৃজনের সময় জনপ্রশাসন মন্ত্রণালয়ের পদ সৃজন সম্পর্কিত ছকে নিম্নরূপ দায়িত্ব নির্ধারণ করে পদসৃজনের সম্মতি নেয়া হয়েছে :

“(১) উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তরের নথিপত্র সংরক্ষণ (২) চেয়ারম্যান এর দপ্তরের প্রয়োজন অনুসারে টাইপ ও কম্পিউটার কম্পোজ করা (৩) জরুরী দাপ্তরিক কাগজপত্র, বিজ্ঞপ্তি ইত্যাদি সংরক্ষণ এবং চেয়ারম্যানের নিকট উপস্থাপন।”

২। উল্লেখ্য, প্রতিটি উপজেলা পরিষদের জন্য একজন করে সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তার পদ সৃজন করা হয়েছে। উক্ত পদে জনবল নিয়োগের লক্ষ্যে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পরিষদের সকল আর্থিক হিসাব সংক্রান্ত কার্যক্রম উক্ত কর্মকর্তার মাধ্যমে সম্পাদন করা হবে বিধায় আর্থিক ফাইলের কাজ সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এর মাধ্যমে করার নির্দেশনা দেয়া হলে ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

J.A.
২৭/১২/২০১৭
(ড. জুলিয়া মর্সন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
ফরিদপুর সদর, ফরিদপুর।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।